




ISO 9001:2015 Certified



নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ NAOGAON PALLI BIDYUT SAMITI-2



জেনারেল ম্যানেজারের কার্যালয়

পল্লীতলা, নওগাঁ।

মোবাইল- 01769402190

E-mail : naogaonpbs2@gmail.com

Web-http://pbs2.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০২.০০৮.২৩. ২৫৪৭

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
১৬ মে, ২০২৩ খ্রিঃ


“রিটেইনার ডাক্তার পদে নিয়োগ বিজ্ঞপ্তি”

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর আওতাধীন পোরশা, সাপাহার ও খামইরহাট জোনাল অফিসের জন্য রিটেইনার ডাক্তার নিয়োগের নিমিত্তে নিম্নলিখিত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে MBBS পাশ হতে হবে। যে কোন বিষয়ে বিশেষজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশনধারী হতে হবে (সনদের ফটোকপি জমা দিতে হবে)।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- ০৩। সমিতির আওতাভুক্ত নওগাঁ জেলার পোরশা, সাপাহার ও খামইরহাট উপজেলা/এলাকার ডাক্তার হিসাবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তি হিসেবে নিয়োগ প্রদান করা হবে। চিকিৎসা সেবা সন্তোষজনক মনে হলে পরবর্তীতে উভয় পক্ষের সম্মতিক্রমে চুক্তি নবায়ন করা যেতে পারে।
- ০৫। রিটেইনার ডাক্তার হিসেবে নির্বাচিত হলে বাপবিবোর্ডের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত মাসিক সম্মানী প্রদান করা হবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসাবে নিয়োজিত থাকতে পারবে না।
- ০৭। নিয়োগ/চুক্তিপত্র বাতিল করতে চাইলে উভয় পক্ষকে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। নির্বাচিত প্রার্থীকে প্রতি সপ্তাহের নির্ধারিত ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত হয়ে অত্র পবিসের সংশ্লিষ্ট জোনাল অফিসের কর্মকর্তা/কর্মচারী এবং তাদের পরিবারবর্গ/পোষ্যদের চিকিৎসা সংক্রান্ত পরামর্শ/ব্যবস্থাপত্র প্রদান করতে হবে। এছাড়া জরুরী প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারী এবং তাদের পরিবারবর্গ/পোষ্য অন্যান্য দিনে চিকিৎসার জন্য চেম্বার/ বাসায় গেলে বিনামূল্যে চিকিৎসা/ব্যবস্থাপত্র প্রদান করতে হবে।
- ০৯। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে সমিতির ভৌগলিক এলাকাস্থ যে কোন সময়ে যেতে হবে (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেয়া হবে)।
- ১০। আবেদন পত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ-
আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, সম্প্রতিকালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের/চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। দাখিলকৃত ছবি ও সনদপত্রের ফটোকপি নাম সঞ্চলিত প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

উল্লিখিত যোগ্যতা সম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক প্রার্থীগণ সাদা কাগজে দরখাস্ত আগামী ১৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন পত্র ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/ সরাসরি নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর কোন আবেদন বিবেচনা করা হবে না।


(শাহ মোঃ রাজ্জাকুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৩। পুলিশ সুপার, নওগাঁ।
- ০৪। সিভিল সার্জন, নওগাঁ।
- ০৫। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিঃ ও ব্যঃপঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,পবিস-১/২/৩/৪।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার-পল্লীতলা/মহাদেবপুর/পোরশা/সাপাহার/খামইরহাট, নওগাঁ।
- ০৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পল্লীতলা/মহাদেবপুর/পোরশা/সাপাহার/খামইরহাট, নওগাঁ।
- ১০। ডিজিএম, মহাদেবপুর/পোরশা/সাপাহার/খামইরহাট জোনাল অফিস, নপবিস-২।
- ১১। এজিএম (অর্থ/ওএন্ডএম/ইএন্ডসি/সদস্য সেবা/আইটি-১/২), নপবিস-২।
- ১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (<http://pbs2.naogaon.gov.bd>), নওগাঁ পবিস-২।
- ১৩। অফিস/মাষ্টার কপি।


(শাহ মোঃ রাজ্জাকুর রহমান)
জেনারেল ম্যানেজার